**জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩(অংশ-১০)-১৩৯

তারিখ: ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

**বিষয় : দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নওগাঁ-২ আসনে নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ সাধারণ নির্বাচনে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পীড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে **১২ ফেব্রুয়ারি ২০২৪** তারিখ অনুষ্ঠেয় দ্বাদশ জাতীয় সংসদের ৪৭ নওগাঁ-২ আসনে নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **১১ ফেব্রুয়ারি ২০২৪** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে **১২ ফেব্রুয়ারি ২০২৪** তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

| লঞ্চ , ইঞ্জিন বোট (নির্দিষ্ট রুটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি |
|---|

২। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৩। বর্ণিতাবস্থায়, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে উল্লিখিত নিষেধাজ্ঞা আরোপসহ স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে আরও কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিল করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা ক্ষেত্রমত মেট্রোপলিটন পুলিশ কমিশনার/অন্যান্য কর্তৃপক্ষকে** ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০১/২৪

( এম. মাজহারুল ইসলাম )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

সচিব
নৌ-পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ সহকারী সচিব (প্রশাসন-১)

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩(অংশ-১০)-১৩৯

তারিখ: ১৪ মাঘ ১৪৩০
২৮ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব, ................................................ মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৯. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৩. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৪. জেলা প্রশাসক, নওগাঁ ও রিটার্নিং অফিসার
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১৬. পুলিশ সুপার, নওগাঁ
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. জেলা নির্বাচন অফিসার, নওগাঁ
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নওগাঁ
২১. উপজেলা নির্বাহী অফিসার, ........................ (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২২. জেলা তথ্য অফিসার, নওগাঁ
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ........................ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন অফিসার, ........................ (সংশ্লিষ্ট)
২৮. অফিসার-ইন-চার্জ, ........................ (সকল)

২৮/১/২০২৪

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/ ০৮ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩ (অংশ-১০)- ৩৭। - দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচনি এলাকা ৪৭ নওগাঁ-২ আসনের বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব মোঃ আমিনুল হক এর মৃত্যুজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতা বলে উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে ১ (এক) জন সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভোটারগণকে আহবান জানাইতেছে এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিতেছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৩ মাঘ ১৪৩০<br>১৭ জানুয়ারি ২০২৪ | বুধবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ মাঘ ১৪৩০<br>১৮ জানুয়ারি ২০২৪ | বৃহস্পতিবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ০৫-০৯ মাঘ ১৪৩০<br>১৯-২৩ জানুয়ারি ২০২৪ | শুক্রবার-মঙ্গলবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ১০ মাঘ ১৪৩০<br>২৪ জানুয়ারি ২০২৪ | বুধবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ মাঘ ১৪৩০<br>২৫ জানুয়ারি ২০২৪ | বৃহস্পতিবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ১২ মাঘ ১৪৩০<br>২৬ জানুয়ারি ২০২৪ | শুক্রবার |
| **(ছ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | ২৯ মাঘ ১৪৩০<br>১২ ফেব্রুয়ারি ২০২৪ | **সোমবার** |

**২।** উল্লেখ্য যে, ৩০ কার্তিক ১৪৩০/ ১৫ নভেম্বর ২০২৩ তারিখে নির্বাচনি সময়সূচি ঘোষণার পর ইতোপূর্বে যাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রয়েছে তাদেরকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না এবং জামানতের অর্থও জমা দিতে হবে না।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

০৮/০১/২০২৪

**মোঃ জাহাংগীর আলম**
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

D:\After 15 Feb 2022\National Election\12 Nationtion Election\Commission Meeting\47 Nawga-2\Schedule Stay Election.doc

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩ (অংশ-১০)-৩৭ তারিখ: ২৪ পৌষ ১৪৩০ / ০৮ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, .................................. (সংশ্লিষ্ট)
১০. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... (সংশ্লিষ্ট রেঞ্জ)
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. জেলা প্রশাসক, নওগাঁ ও রিটার্নিং অফিসার
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................................. (সংশ্লিষ্ট)
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৮. পুলিশ সুপার, নওগাঁ
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. জেলা নির্বাচন অফিসার, নওগাঁ
২১. উপজেলা নির্বাহী অফিসার, ......................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নওগাঁ
২৩. জেলা তথ্য অফিসার, নওগাঁ
২৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...................................................... এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৮. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট)
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ....................... (সংশ্লিষ্ট) থানা
৩০. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

০৮/০১/২০২৪

মোহাম্মদ মোরশেদ আলম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০